দৈনিক ইত্তেফাক

তারিখ ...10 OCT 1995 ... ...
পৃষ্ঠা ৩ ... কলাম ... ১ ......

20

# ব্রাহ্মণবাড়িয়ায় ৭৭ সহস্রাধিক শিশু প্রাথমিক শিক্ষা হইতে বঞ্চিত

ব্রাহ্মণবাড়িয়া সংবাদদাতা ॥ শিক্ষা কর্মকর্তা ও শিক্ষক সংকট এবং আসবাবপত্রের অভাবসহ বিভিন্ন কারণে জেলায় ৭৭ সহস্রাধিক শিশু প্রাথমিক শিক্ষা হইতে বঞ্চিত হইতেছে। জরিপ অনুযায়ী ৬ হইতে ১০ বছর বয়সী ৪ লক্ষ ৩৪ হাজার ৫০৪ জন শিশুর মধ্যে স্কুলে যাইতেছে ৩ লক্ষ ৫৬ হাজার ৮৭৮ জন। বাকী ৭৭ হাজার ৬২৬ জন শিশু প্রাথমিক শিক্ষা হইতে বঞ্চিত হইতেছে। আখাউড়ায় শিক্ষা অফিসার এবং জেলায় ২১ জন সহকারী শিক্ষা অফিসার, ১৮ জন প্রধান শিক্ষক ও ১০ জন সহকারী শিক্ষকের পদ শূন্য থাকায় লেখাপড়া যেমন ব্যাহত হইতেছে তেমনি বিভিন্ন প্রশাসনিক কাজকর্মও ব্যাহত হইতেছে। ধসিয়া পড়া রঙ্গীবাড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের নূতন ভবন নির্মাণের জন্য অর্থ বরাদ্দ ও দরপত্র আহ্বান করা হইয়াছে অথচ স্থানাভাবের জন্য কাজ করিতে পারিতেছে না।